

## 126624 - জীবিত প্রাণী ওজন করে বিক্রি করতে কোন আপত্তি নেই

### প্রশ্ন

এমন কিছু মানুষ আছে যারা গরু, ছাগল-ভেড়া ও এ জাতীয় পশুগুলো জীবিত থাকা অবস্থায় নির্দিষ্ট মূল্যে কিলো হিসেবে বিক্রি করে। উল্লেখ্য, ক্রেতা কখনও এ প্রাণীগুলোকে নিজের কাছে রেখে দেয়ার উদ্দেশ্যে কিনে, আবার কখনও জবাই করে বিক্রি করার জন্য কিনে। উদাহরণস্বরূপ: আমরা পশুগুলোর মালিকের কাছে গিয়ে কোন একটা পশুকে ক্রয় করার জন্য পছন্দ করব; এরপর পশুকে ওজনের পাল্লায় আনা হবে এবং জীবিত অবস্থায় ওজন করা হবে এবং কিলোগ্রাম হিসেবে বিক্রি করা হবে। যেমন ধরুন প্রতি কিলো দশ রিয়ালে। এই ধরনের বিক্রয়ের হুকুম কি?

### প্রিয় উত্তর

উট, গরু, ছাগল-ভেড়া ও এ জাতীয় হালাল প্রাণীকে ওজন করে বিক্রি করার ক্ষেত্রে কোন আপত্তি আছে মর্মে আমরা জানি না; চাই সেই প্রাণী জীবিত হোক কিংবা জবাইকৃত হোক। আল্লাহ তাআলার এই বাণী: “আল্লাহ্ বেচাবিক্রিকে হালাল করেছেন এবং সুদকে হারাম করেছেন।” [সূরা বাক্বারা, আয়াত: ২৭৫] ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: “যখন তাঁকে জিজ্ঞেস করা হয়েছিল: কোন উপার্জন সর্বোত্তম? তিনি বলেন: ব্যক্তির নিজ হাতের কর্ম এবং প্রত্যেক বৈধ বিক্রয়”-এর সার্বিকতার দলিলের ভিত্তিতে এবং যেহেতু এমন বিক্রয়ে কোন অস্পষ্টতা নেই ও ঠকবাজি নেই। আল্লাহ্ই তাওফিকের মালিক। [সমাপ্ত]

মাজমুউ ফাতওয়া বিন বায (১৯/৩৮)